

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১১৫২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯. দ্বিতীয় অনুচ্ছেদ - দু'বার সালাত আদায় করা

আরবী

عَنْ يَزِيدِ بْنِ الْأَسْوَدِ قَالَ: شَهِدْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَجَّتَهُ فَصَلَّيْتُ مَعَهُ صَلَاةَ الصُّبْحِ فِي مَسْجِدِ الْخَيْفِ فَلَمَّا قَضَى صَلَاتَهُ وَأَنْحَرَفَ فَإِذَا هُوَ بِرَجُلَيْنِ فِي آخِرِ الْقَوْمِ لَمْ يُصَلِّيَا مَعَهُ قَالَ: «عَلِيَّ بِهِمَا» فَجِيءَ بِهِمَا تُرْعَدُ فَرَأَيْتُهُمَا فَقَالَ: «مَا مَنَعَكُمَا أَنْ تُصَلِّيَا مَعَنَا؟» . فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّا كُنَّا قَدْ صَلَّيْنَا فِي رِحَالِنَا. قَالَ: «فَلَا تَفْعَلَا إِذَا صَلَّيْتُمَا فِي رِحَالِكُمَا ثُمَّ أَتَيْتُمَا مَسْجِدَ جَمَاعَةٍ فَصَلِّيَا مَعَهُمْ فَإِنَّهَا لَكُمْ نَافِلَةٌ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ

বাংলা

১১৫২-[৩] ইয়াযীদ ইবনু আস্‌ওয়াদ (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে হাজ্জে (বিদায় হাজ্জে) গিয়েছিলাম। সে সময় আমি একদিন তাঁর সঙ্গে মসজিদে খায়েফে ফাজ্‌রের (ফজরের) সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছি। তিনি সালাত সমাপ্ত করে পেছনের দিকে তাকিয়ে দেখলেন জামা'আতের শেষ প্রান্তে দু'লোক বসে আছে। যারা তাঁর সঙ্গে (জামা'আতে) সালাত আদায় করেনি। তাদের দেখে তিনি বললেন তাদেরকে আমার নিকট নিয়ে আসো। তাদের এ অবস্থায়ই রসূলের নিকট হাযির করা হলো। ভয়ে তখন তাদের কাঁধের মাংস (মাংস/গোসত) খরখর করে কাঁপছিল। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে প্রশ্ন করলেন। আমাদের সঙ্গে সালাত আদায় করতে তোমাদেরকে কে বাধা দিয়েছে? তারা আরয করলো! হে আল্লাহর রসূল! আমরা আমাদের বাড়িতে সালাত আদায় করে এসেছি। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ কথা শুনে বললেন ভবিষ্যতে এ কাজ আর করবে না। তোমরা ঘরে সালাত আদায় করে আসার পরও মসজিদে এসে জামা'আত চলছে দেখলে জামা'আতে সালাত আদায় করে নিবে। এ সালাত (সালাত/নামায/নামাজ) তোমাদের জন্যে নফল হয়ে যাবে। (তিরমিযী, আবু দাউদ, নাসায়ী)[1]

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লামা 'উবায়দুল্লাহ মুবারকপুরী (রহঃ) বলেন, অত্র হাদীস থেকে বুঝা যায়, যে ব্যক্তি তার বাড়িতে সালাত

(সালাত/নামায/নামাজ) আদায় করেছে অতঃপর মসজিদে গিয়ে দেখলো জামা'আত হচ্ছে তাহলে তার ওয়াজিব হলো যে তাদের সাথে জামা'আতে শরীক হবে। সে সালাতটি পাঁচ ওয়াক্ত সালাতের যে ওয়াক্তই হোক না কেন এমনটিই মত পোষণ করেছেন ইমাম শাফি'ঈ, ইমাম আহমাদ বিন হাম্বল ও ইমাম ইসহাক; তবে ইমাম মালিক (রহঃ) মাগরিব সালাতের ক্ষেত্রে এটা অপছন্দ করতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55712>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন